

3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2023 (CCFUP)

Subject : Bengali

2544

Course: BENG1021 (MINOR)

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the right hand margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'কমেডি' কাকে বলে?
- (খ) 'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর শেষ দুটি ইচ্ছা কী কী ছিল?
- (গ) "কে না জানে অশুভিষ অশু-মুখে সদ্যঃপাতি?"— কথাগুলির মর্মার্থ লেখো।
- (ঘ) "এখন আমারে লহো করুণা ক'রে"— কার, কখন এমন প্রার্থনা?
- (ঙ) "ক্ষেত্রমোহন বারবার করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন"— ক্ষেত্রমোহনের অশ্রুপাতের কারণ কী?
- (চ) "ওর নাম মাদার ইন্ডিয়া"— এই মাদার ইন্ডিয়া কে?
- (ছ) বাংলা ভাষায় ব্যবহৃত 'জুয়ো' এবং 'হরতন' শব্দ দুটি কোন ভাষা থেকে আগত?
- (জ) 'অন্যত্রত' বলতে কী বোঝায়?
- (ঝ) 'বনলতা সেন' কবিতায় কবির প্রযুক্ত যে-কোনো দুটি স্থানের নাম উল্লেখ করো।
- (ঞ) 'নাট্যকাব্য' কাকে বলে? নাট্যকাব্যের একটি উদাহরণ দাও।
- (ট) "এ সত্যটা এখন ধরা পড়েছে যে, বাংলা ভাষা বাঙালির ভাষা নয়।"— এই বক্তব্যের সপক্ষে প্রাবন্ধিক যে যুক্তি উত্থাপন করেছেন তা লেখো।
- (ঠ) প্রবন্ধের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ড) মন্বয় কবিতা বলতে কী বোঝো?
- (ঢ) "ব্রত হচ্ছে মানুষের সাধারণ সম্পত্তি"— বিষয়টি বুঝিয়ে দাও।
- (ণ) বাংলা ভাষায় রচিত দুটি সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো।

২। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) সংক্ষেপে ছোটগল্প এবং উপন্যাসের পার্থক্যগুলি লেখো।
- (খ) “এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে, সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।”— গল্পটির কাহিনি-সাপেক্ষে প্রসঙ্গটির পরিচয় দাও।
- (গ) “আমি ক্লাস্ত প্রাণ এক”— কোন কবিতার অংশ? এই অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) ‘আমাদের ভাষা-সংকট’ প্রবন্ধে বাংলা ভাষার যে সংকটের প্রসঙ্গ আলোচিত হয়েছে তা প্রবন্ধ অনুসরণে তুলে ধরো।
- (ঙ) ‘রসময়ীর রসিকতা’ অবলম্বনে রসময়ী চরিত্রটি বিশ্লেষণ করো। গল্পটির লেখক কে?
- (চ) ‘গীতিকবিতা’ সংরূপটির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে তুলে ধরো। ‘এলিজি’ কী?

৩। নীচের প্রশ্নগুলির থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) ‘বাংলার ব্রত’ প্রবন্ধ অবলম্বনে ‘কুমারী ব্রত’গুলির পরিচয় দাও। ‘শাস্ত্রীয় ব্রত’ বলতে কী বোঝায়?
- (খ) নাটক কী? সাহিত্য সংরূপ হিসেবে ‘নাটক’-এর বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ তুলে ধরো।
- (গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ এবং কবির কৈফিয়তের পরিচয় দাও।
- (ঘ) পরশুরাম কোন সাহিত্যিকের ছদ্মনাম? ‘চিকিৎসা সংকট’ গল্প অবলম্বনে হাস্যরসের সৃজনে পরশুরামের দক্ষতার পরিচয় দাও।

3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2023 (CCFUP)

Subject : Bengali

Course: BENG1011 (MAJOR)

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the right hand margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) প্রবন্ধ কাকে বলে? একটি বাংলা প্রবন্ধের নাম লেখো।
- (খ) উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (গ) 'রানার' কবিতাটি সুকান্ত ভট্টাচার্যের কোন কাব্যগ্রন্থে আছে? 'মাভৈঃ রানার...'— মাভৈঃ শব্দের অর্থ লেখো।
- (ঘ) "সেই কি সে যম-দমী"— 'যম-দমী' কথাটির অর্থ কী? কে, কাকে 'যম-দমী' বলেছেন?
- (ঙ) সংস্কৃতে নাটককে কী বলা হত? 'নাট্যশাস্ত্র'-র রচয়িতার নাম কী?
- (চ) নাট্যকাব্য কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ছ) ঐতিহাসিক নাটক কাকে বলে? একটি বাংলা ঐতিহাসিক নাটকের উদাহরণ দাও।
- (জ) পত্রকাব্য কাকে বলে?
- (ঝ) উপন্যাসিকা (নভলেট) কাকে বলে?
- (ঞ) "আমার সন্ততি স্বপ্নে থাক"— কবি ও কবিতার নাম লেখো।
- (ট) তোমার পাঠ্য কোন গল্পে মানুষের সঙ্গে প্রকৃতির অন্তরঙ্গতার ছবি পাও? গল্পের প্রধান চরিত্রটির নাম লেখো।
- (ঠ) বনফুলের প্রকৃত নাম লেখো। 'তাজমহল' গল্পে বৃদ্ধের বেগমের কী অসুখ হয়েছিল?
- (ড) বাংলা সাহিত্যের প্রথম সামাজিক উপন্যাস কোনটি? উপন্যাসটির রচয়িতার নাম লেখো।
- (ঢ) প্রবন্ধ প্রধানত কয় প্রকারের হয়ে থাকে? কী কী?
- (ণ) 'উপন্যাসের পূর্বসূচনা' প্রবন্ধে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় যে-সব প্রাচীন আখ্যায়িকায় উপন্যাসের প্রথম অঙ্কুর দেখেছিলেন, সেগুলির মধ্যে অন্তত দুটি আখ্যায়িকার নাম লেখো।

২। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) গীতিকবিতার মৌল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (খ) তোমার পাঠ্য 'বলাকা' কবিতাটির মূলভাব আলোচনা করো।
- (গ) "ওহে প্রাণনাথ গিরিবর হে"— পদ অবলম্বনে মেনকার মাতৃহৃদয়ের ব্যাকুলতার পরিচয় দাও।
- (ঘ) ছোটগল্পের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'অতিথি' গল্পে তারাপদ চরিত্রটির বিশিষ্টতা আলোচনা করো।
- (চ) 'প্রবন্ধ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কী? তোমার পাঠ্য 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধের মূল বক্তব্যটি লেখো।

৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'আবার আসিব ফিরে' কবিতাটির মর্মার্থ আলোচনা করো।
- (খ) একাক্ষ নাটক কাকে বলে? দৃষ্টান্ত-সহ একাক্ষ নাটকের বৈশিষ্ট্য আলোচনা করো।
- (গ) 'নারী ও নাগিনী' গল্পে নারী-মনস্তত্ত্ব রূপায়ণে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।
- (ঘ) বাংলা উপন্যাসের উদ্ভবের ইতিহাস সম্পর্কে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় তাঁর 'উপন্যাসের পূর্বসূচনা' প্রবন্ধে যে মত প্রকাশ করেছেন, তা সংক্ষেপে লেখো।

3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2023
(under CCFUP of NEP 2020)

Time: 1½ Hours

Subject : BENGALI

Full Marks: 40

Course: AEC

Course Code : BENG1041 (AEC)

Course Title : সাহিত্যের
বোধ ও বিচার

Roll No.: Registration No. of 20

INSTRUCTIONS TO THE EXAMINEE

1. The Question-cum-Answer Booklet comprised of 40 Questions and each Question carrying 1 (one) mark.
2. Each Question possesses 4 (four) Answer Options (A), (B), (C) and (D) of which only one option bears Correct Answer.
3. Completely darken the respective circle for your response as shown below—
Correct method ● Wrong method (✓) (✗) (○)
4. Each Correct Answer will be credited with 1 (One) Mark.
5. If an Examinee attempts more than one Option for a Question, the attempt will be considered as WRONG Answer.
6. No Mark will be deducted for attempting Wrong Answer or Incorrect attempts.
7. Only Blue/Black Ink Pen is to be used for Answering Question.
8. No Electronic Gadget (Calculator, Mobile Phone, Laptop, I-Pad, Camera etc.), Papers (Other than Admit Card) will be allowed inside the Examination Hall.
9. No Loose sheet will be provided for scribbling and No Paper is to brought in this purpose. Any Examinee found with incriminating Documents in his/her possession— he/she will be Expelled.
10. All rough work must be done in the page provided in the Question-Answer-Booklet, and the said Page of the Booklet **must not be torn out.**
11. No Examinee will be allowed to leave the Examination Hall until an Hour has elapsed from the commencement of the Examination.
12. As per order of the Executive Council all Answer Scripts will be preserved for one year from the date of Publication of Results.

১. Question-cum-Answer Booklet-এ মোট ৪০টি প্রশ্ন আছে এবং প্রতিটি প্রশ্নের মান ১ (এক)।
২. প্রতিটি প্রশ্নের জন্য ৪ (চার)টি করে Option (A), (B), (C) এবং (D) থাকবে, এর মধ্যে একটি সঠিক উত্তর নির্দেশ করবে।
৩. সঠিক উত্তরের জন্য নির্দিষ্ট বৃত্তটিকে সম্পূর্ণ রূপে কালো করতে হবে তা নীচে দেখানো হল—
সঠিক পদ্ধতি ● ভুল পদ্ধতি (✓) (✗) (○)
৪. প্রতিটি সঠিক উত্তরের মান ১ (এক)।
৫. যদি কোনো পরীক্ষার্থী একটি প্রশ্নের একাধিক উত্তর দেয় তাহলে সেটি ভুল উত্তর হিসেবে গণ্য হবে।
৬. ভুল উত্তরের জন্য কোনো নম্বর বাদ যাবে না।
৭. উত্তর লেখার জন্য কেবলমাত্র নীল অথবা কালো কালির কলম ব্যবহার করা যাবে।
৮. পরীক্ষাকেন্দ্রের মধ্যে কোনো ইলেকট্রনিক্স যন্ত্রাদি (ক্যালকুলেটর, মোবাইল ফোন, ল্যাপটপ, আই-প্যাড, ক্যামেরা ইত্যাদি), কাগজ (কেবলমাত্র অ্যাডমিট কার্ড ছাড়া) নিয়ে প্রবেশ নিষেধ।
৯. হিজিবিজি বা রাফ লেখার জন্য কোনো বাড়তি কাগজ দেওয়া যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো কাগজ আনা যাবে না। কোনো পরীক্ষার্থীর কাছে নকল-এর মতো অপরাধমূলক কাগজ থাকলে সেই ছাত্র/ছাত্রীকে বহিষ্কার করা হবে।
১০. সমস্ত 'রাফ ওয়ার্ক' প্রশ্ন-উত্তর-পুস্তিকার সঙ্গে থাকা নির্দিষ্ট পাতাতেই করতে হবে এবং উত্তরপত্র জমা দেবার সময় পাতাটি ছিঁড়ে নেওয়া যাবে না।
১১. পরীক্ষা শুরু থেকে এক ঘণ্টা সময় অতিবাহিত না হলে কোনো পরীক্ষার্থী পরীক্ষার হল থেকে বের হতে পারবে না।
১২. বিশ্ববিদ্যালয় কর্ম সমিতি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে এক বছরের জন্য উত্তরপত্র সংরক্ষিত থাকবে।

SE

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
নীচের প্রশ্নগুলির ঠিক উত্তরটি নির্বাচন করো।

1×40=40

1. 'নৈবেদ্য' কাব্যগ্রন্থটি কত বঙ্গাব্দে প্রকাশিত হয়?
 - (A) ১৩০৫ বঙ্গাব্দে
 - (B) ১৩০৬ বঙ্গাব্দে
 - (C) ১৩০৯ বঙ্গাব্দে
 - (D) ১৩০৮ বঙ্গাব্দে
2. 'সনেট' বাংলায় প্রথম কে সৃষ্টি করেন?
 - (A) রবীন্দ্রনাথ ঠাকুর
 - (B) মাইকেল মধুসূদন দত্ত
 - (C) অবনীন্দ্রনাথ ঠাকুর
 - (D) প্রমথ চৌধুরী
3. এই বসুধার মৃত্তিকার পাত্রখানি— 'বসুধা' শব্দের অর্থ কী?
 - (A) পৃথিবী
 - (B) বাতাস
 - (C) আকাশ
 - (D) মাটি
4. 'মন্দির' শব্দটির প্রাচীন অর্থ কী?
 - (A) দেবগৃহ
 - (B) গৃহ
 - (C) দেবালয়
 - (D) নাটমন্দির
5. 'স্বদেশী সমাজ' কোন প্রবন্ধগ্রন্থের অন্তর্গত?
 - (A) কালান্তর
 - (B) পঞ্চভূত
 - (C) আত্মশক্তি
 - (D) সাহিত্য
6. বাংলাকে দ্বিখণ্ডিত করার চক্রান্ত করেছিলেন কে?
 - (A) লর্ড ওয়ারেন হেস্টিংস
 - (B) লর্ড মেকলে
 - (C) লর্ড ডালহৌসি
 - (D) লর্ড কার্জন
7. "শতাব্দীর সূর্য আজি"— 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?
 - (A) ৬৪ সংখ্যক
 - (B) ৭৪ সংখ্যক
 - (C) ৯৪ সংখ্যক
 - (D) ৮৪ সংখ্যক
8. কোন যুদ্ধের ঘটনার প্রেক্ষিতে 'শতাব্দীর সূর্য আজি' কবিতাটি রচিত হয়েছে?
 - (A) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
 - (B) প্রথম বিশ্বযুদ্ধ
 - (C) ইঙ্গ-বুয়োর যুদ্ধ
 - (D) পলাশির যুদ্ধ
9. 'বঙ্গালা ভাষা' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত?
 - (A) পরিব্রাজক
 - (B) প্রাচীন সাহিত্য
 - (C) ভাববার কথা
 - (D) কালান্তর
10. 'শতাব্দীর সূর্য আজি'— কবিতাটিতে কোন শতাব্দীর কথা বলা হয়েছে?
 - (A) একবিংশ
 - (B) উনবিংশ
 - (C) বিংশ
 - (D) অষ্টাদশ

11. 'মীমাংসা ভাষ্য' কার লেখা?
 (A) শূদ্রক
 (B) শবরস্বামী
 (C) বেদব্যাস
 (D) পতঞ্জলি
12. লেখক কোন ভাষাকে 'গদাই লক্ষরী চাল' বলে অভিহিত করেছেন?
 (A) আরবি
 (B) সংস্কৃত
 (C) ফারসি
 (D) মাগধী অপভ্রংশ
13. 'সালসা' হল
 (A) সিসা-মিশ্রিত তরল
 (B) আয়ুর্বেদিক ওষুধ
 (C) সিসা ও গন্ধক-মিশ্রিত যৌগ
 (D) সালিশি সভা
14. 'মারী' শব্দের অর্থ কী?
 (A) ভূমিকম্প
 (B) যক্ষ্মা
 (C) মড়ক
 (D) কলেরা
15. প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকাটির নাম কী?
 (A) সংবাদ প্রভাকর
 (B) সবুজ পত্র
 (C) বালক
 (D) কল্লোল
16. 'ডেমোক্রেসি' শব্দটির অর্থ কী?
 (A) সমাজতান্ত্রিক
 (B) একনায়কতন্ত্র
 (C) গণতান্ত্রিক
 (D) প্রজাতান্ত্রিক
17. আনাতোল ফ্রাঁস কে?
 (A) স্পেনের কথাসাহিত্যিক
 (B) আমেরিকান কথাসাহিত্যিক
 (C) ফ্রান্সের কথাসাহিত্যিক
 (D) ইংল্যান্ডের কথাসাহিত্যিক
18. 'বই পড়া' প্রবন্ধে উল্লিখিত দু-জন সাহিত্যিকের নাম—
 (A) রবীন্দ্রনাথ ও নজরুল
 (B) মধুসূদন ও দীনবন্ধু
 (C) আনাতোল ফ্রাঁস ও অস্কার ওয়াইল্ড
 (D) শেলি ও কিটস
19. "দেখিতে দেখিতে আজি ঘিরেছে ভুবন"— কারা ভুবন ঘিরে ফেলেছে?
 (A) সাম্রাজ্যবাদী শক্তি
 (B) রাজনৈতিক নেতা
 (C) বঞ্চিত সাধারণ জনগণ
 (D) রাষ্ট্রপ্রধান
20. "শক্তি দস্ত স্বার্থ লোভ"— কবিতাটি 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?
 (A) ৩০ সংখ্যক
 (B) ৯২ সংখ্যক
 (C) ৭২ সংখ্যক
 (D) ৬৪ সংখ্যক

21. “আমরা সমাজেরই অর্ধঅঙ্গ”— ‘আমরা’ কারা?
 (A) নারীজাতি
 (B) শিশুগণ
 (C) পুরুষজাতি
 (D) বৃদ্ধগণ
22. “তৃপ্তি যেথা ছিল সেথা এল আড়ম্বর”— ‘আড়ম্বর’ বলতে লেখক কী বুঝিয়েছেন?
 (A) শিল্প ও সংস্কৃতি
 (B) বস্তুতান্ত্রিকতা ও ভোগবাদী জীবন
 (C) বিলাস-বৈভবহীন জীবন
 (D) সুখ-সমৃদ্ধি
23. “জড়ে জীবে সর্বভূতে অব্যাহিত ধ্যান।”— সর্বভূত বলতে লেখক কী বুঝিয়েছেন?
 (A) সত্ত্ব, তম, রজঃ
 (B) পঞ্চ ‘ম’ কার
 (C) ক্ষিতি, অপ, তেজঃ
 (D) ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ, ব্যোম
24. স্ত্রীজাতির অগ্রগতির প্রধান বাধা কী?
 (A) রাজনৈতিক নেতারা
 (B) সহানুভূতির অভাব
 (C) প্রচেষ্টা
 (D) সমাজপতিরা
25. ‘ছুটি’ গল্পের ফটিক চরিত্রটির মামার নাম হল
 (A) বিশ্বনাথ
 (B) বীরেশ্বর
 (C) বিশ্বম্ভর
 (D) বিশ্বেশ্বর
26. স্ত্রীজাতির বুদ্ধিবৃত্তিকে সজাগ করার কোন উপায়ের কথা বলেছেন প্রাবন্ধিক?
 (A) টিভি ও মোবাইল দেখা
 (B) বই পড়া
 (C) শিক্ষার অনুশীলন
 (D) বুদ্ধিবৃত্তির অনুশীলন
27. ‘ছুটি’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
 (A) ভারতী
 (B) বালক
 (C) প্রবাসী
 (D) সাধনা
28. ‘ছুটি’ গল্পটি কত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়?
 (A) ১২৯৮ বঙ্গাব্দের শ্রাবণ মাসে
 (B) ১২৯৯ বঙ্গাব্দের পৌষ মাসে
 (C) ১২৯৮ বঙ্গাব্দের ফাল্গুন মাসে
 (D) ১২৯৯ বঙ্গাব্দের মাঘ মাসে
29. ‘মণিহারা’ গল্পে মণিমালিকার স্বামীর নাম কী?
 (A) মানিকলাল
 (B) মাখনলাল
 (C) বিশ্বম্ভর
 (D) ফণিভূষণ
30. রাজশেখর বসুর ছদ্মনাম কী?
 (A) টেকচাঁদ ঠাকুর
 (B) কমলাকান্ত
 (C) ভানুসিংহ
 (D) পরশুরাম

31. 'অপবিজ্ঞান' প্রবন্ধটি কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

- (A) লঘু গুরু
- (B) মতিচূর
- (C) পরিব্রাজক
- (D) গড্ডলিকা

32. 'গাটাপাচা' কী?

- (A) শাল গাছের রস
- (B) বট গাছের রস
- (C) ব্রাজিলনাট গাছের রস
- (D) রবারজাতীয় গাছের রস

33. শশধর তর্ক-চূড়ামণি কে?

- (A) উনিশ শতকের একজন বৌদ্ধ পণ্ডিত
- (B) উনিশ শতকের একজন জৈন পণ্ডিত
- (C) উনিশ শতকের একজন হিন্দু পণ্ডিত
- (D) অষ্টাদশ শতকের একজন হিন্দু পণ্ডিত

34. মহাকর্ষের আবিষ্কারক কে?

- (A) আইজ্যাক নিউটন
- (B) কোপারনিকাস
- (C) আইনস্টাইন
- (D) গ্যালিলিও

35. বিলেত যাওয়ার আগে বলাই-এর বাবা বলাইকে বিলিতি কায়দায় শিক্ষা দেওয়ার জন্য কোথায় নিয়ে গিয়েছিলেন?

- (A) সিমলে
- (B) বোসে
- (C) এলাহাবাদ
- (D) মাদ্রাজ

36. 'বলাই' গল্পের কথক কে?

- (A) বলাই-এর কাকা
- (B) বলাই
- (C) বলাই-এর কাকিমা
- (D) বলাই-এর জ্যেষ্ঠ

37. বলাই-এর বাবা যখন বিলেত থেকে ফিরে এলেন তখন বলাইয়ের বয়স কত?

- (A) ২০ বছর
- (B) ১৮ বছর
- (C) ৩০ বছর
- (D) ১০ বছর

38. 'মণিহারা' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

- (A) সাধনা
- (B) ভারতী
- (C) বালক
- (D) প্রবাসী

39. মণিমালিকার দূর সম্পর্কের ভাইয়ের নাম কী?

- (A) ফণিভূষণ
- (B) মধুসূদন
- (C) ব্রিজভূষণ
- (D) শশিভূষণ

40. মণিমালিকার আসল নাম কী?

- (A) কালী
- (B) দুর্গা
- (C) নৃত্যকালী
- (D) আন্নাকালী

B.A. 1st Semester (General) Examination, 2023 (CBCS)

Subject : Bengali

Course: CC-1A/GE-1

(Old Syllabus)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশমানে নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'বসন্তের কোকিল' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়?
- (খ) "এ পৃথিবীতে গ্লাডস্টোন, ডিস্ট্রেলি প্রভৃতির ন্যায়,— তুমি কেবল গলাবাজিতে জিতিয়া গেলে—" গ্লাডস্টোন ও ডিস্ট্রেলির পরিচয় দাও।
- (গ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রথম সংস্করণের প্রকাশকাল উল্লেখ করো। গ্রন্থটি লেখক কাকে উৎসর্গ করেছেন?
- (ঘ) 'মনুষ্যফল' প্রবন্ধে চিহ্নিত নারিকেলের চারটি সামগ্রী কী কী? বঙ্কিমচন্দ্র এই চারটি সামগ্রীর সঙ্গে রমণীর কোন কোন বৈশিষ্ট্যের সাদৃশ্য দেখিয়েছেন?
- (ঙ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে উল্লিখিত 'মাণ্ডবী' ও 'শ্রুতকীর্তি'র পরিচয় দাও।
- (চ) রবীন্দ্রনাথ ঠাকুর 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে কোন কোন চরিত্রকে কাব্যের উপেক্ষিতা বলে উল্লেখ করেছেন?
- (ছ) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?
- (জ) "— কেহ তাহার ইশারায় সাড়া দিল না।"— উদ্ধৃতাংশটি কোন প্রবন্ধ থেকে গৃহীত হয়েছে? উক্ত অংশে কাদের কথা উল্লিখিত হয়েছে?
- (ঝ) 'বিড়াল' প্রবন্ধে উল্লিখিত 'নেপোলিয়ন' কে? প্রবন্ধে উল্লিখিত 'ওয়াটার্লু' কী?
- (ঞ) 'সাহিত্যের উদ্দেশ্য' প্রবন্ধে অবলম্বনে সাহিত্যের সঙ্গে বিজ্ঞান-দর্শনের পার্থক্য কোথায় তা বুঝিয়ে দাও।
- (ট) "সেই প্রতিমার পদতলে পুষ্পাঞ্জলি দিলাম"— লেখক প্রবন্ধে পুষ্পাঞ্জলি দেবার সময় কোন মন্ত্রের উল্লেখ করেছেন?
- (ঠ) 'গুজরী পঞ্চম' কাকে বলে?
- (ড) "আমি উভয়েরই নিকট বিনামূল্যে বিক্রীত।"— কে, কার কার কাছে বিনামূল্যে বিক্রীত?
- (ঢ) 'লোকহিত' প্রবন্ধটি কোন পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হয়?
- (ণ) "বঙ্গবিচ্ছেদ ব্যাপারটা আমাদের অনবশ্বে হাত দেয় নাই, আমাদের হৃদয়ে আঘাত করিয়াছিল"— 'বঙ্গবিচ্ছেদ' বলতে লেখক কোন ঘটনার উল্লেখ করতে চেয়েছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “ধর্ম কী? পরোপকারই হল পরম ধর্ম”— প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যের তাৎপর্য লেখো।
- (খ) “সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।”— ‘সাহিত্যের সামগ্রী’ প্রবন্ধ অবলম্বনে বক্তার অভিমত ব্যক্ত করো।
- (গ) ‘আমার দুর্গোৎসব’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বঙ্গজনীর আহ্বানে কাদের কাছে, কী প্রার্থনা করেছেন?
- (ঘ) “যাত্রার অভিনয়ে দর্শক ও অভিনেতার মধ্যে একটা গুরুতর ব্যবধান নাই।”— উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে লেখকের অভিমত ব্যাখ্যা করো।
- (ঙ) “আসল কথা, সে দিন বর্ষা, বসন্ত নহে, বসন্তের কোকিল সে দিন আসিবে কেন।”— উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে বক্তার অভিমত ব্যক্ত করো।
- (চ) “একা শকুন্তলা, শকুন্তলার এক-তৃতীয়াংশ।”— বক্তা কে? উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে বক্তার অভিমত স্পষ্ট করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ‘মনুস্যফল’ প্রবন্ধে বিভিন্ন শ্রেণির মানুষের সঙ্গে বিভিন্ন ফলের তুলনা করেছেন— প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের উক্ত ভাবনার কারণ উল্লেখ করো।
- (খ) ‘লোকহিত’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের ‘লোকহিত’ ভাবনার পরিচয় দাও।
- (গ) ‘আমার মন’ প্রবন্ধটি কৌতুক রসের আবহে প্রাবন্ধিকের গভীর জীবন-দর্শনের প্রকাশ— আলোচনা করো।
- (ঘ) “সৃষ্টির ন্যায়, সাহিত্যই সাহিত্যের উদ্দেশ্য।”— উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে ‘সাহিত্যের উদ্দেশ্য’ সম্পর্কে অভিমত ব্যক্ত করো।

3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2023 (CCFUP)

1828

Subject : Bengali
Course: BENG1051 (SEC)

Time: 2 Hours

Full Marks: 40

*The figures in the right hand margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :

পরীক্ষা, বাগাড়ম্বর

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :

পীতাম্বর, পঞ্চবটী

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

আমি কলমে লিখি।

(ঘ) সন্ধি করো :

উত্তম + ঋণ, আদি + অস্ত

(ঙ) ভাববাচ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) উদাহরণ দিয়ে বিসর্গ সন্ধি কাকে বলে বুঝিয়ে দাও।

(ছ) শব্দ ও পদের পার্থক্য কী?

(জ) 'অ' এবং 'আ'-র রোমান হরফ লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) রোমান হরফে লিপ্যন্তরীকরণ করো (যে-কোনো পাঁচটি) :

১×৫=৫

(অ) আমার বেলা যে যায়।

(আ) অনেক দিনের আমার যে গান।

(ই) কবে আমি বাহির হলেম।

(ঈ) চিত্ত যেথা ভয়শূন্য।

(উ) তেত্রিশ বছর কাটল কেউ কথা রাখেনি।

(ঊ) বাংলার মুখ আমি দেখিয়াছি।

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে-কোনো পাঁচটি) :

১×৫=৫

(অ) টাকা হাতে না পেলে বর সভাস্থ করা যাবে না। (জটিল বাক্যে)

(আ) ইন্ডের যেমন ঐরাবত, আমার তেমনি পদ্মা। (সরল বাক্যে)

(ই) গান এবং ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবোধক বাক্যে)

(ঈ) সত্য সেলুকাস, এই দেশ বড়ো বিচিত্র। (বিস্ময়বোধক বাক্যে)

(উ) আমি তাকে অশ্রদ্ধা করি না। (অশ্রদ্ধার্থক বাক্যে)

(ঊ) কী ভয়ানক লড়াই হল মা যে! (নির্দেশক বাক্যে)

(গ) ব্যাকরণ কাকে বলে? ব্যাকরণের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে-কোনো পাঁচটি) :

১×৫=৫

উপকূল, রাজাবাহাদুর, মধুমাখা, নির্ভুল, শতাব্দী, দম্পতি।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) ব্যাকরণের প্রথাগত পদ্ধতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

(খ) বিশেষ্য কাকে বলে? বিশেষ্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষ্যের প্রকারভেদ সম্পর্কে বুঝিয়ে দাও।

(গ) অর্থগত দিক থেকে বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণ-সহযোগে বিশ্লেষণ করো।

(ঘ) বিরামচিহ্ন কাকে বলে? বাংলা ভাষায় বিরামচিহ্নের ব্যবহার কীভাবে হয়, তা উদাহরণসহ বিস্তৃতভাবে লেখো।

B.A. 3rd Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

2051

Course : CC-1C/GE-3

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

২×১০=২০

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) চর্যাপদ কী নামে এবং কোথা থেকে প্রথম প্রকাশিত হয়েছিল?
- (খ) বাংলা মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থটির প্রকৃত নাম কী?
- (গ) ভারতচন্দ্র-রচিত 'অন্নদামঙ্গল'-এর অন্তর্গত যে কোনো দুটি উপাখ্যানের নাম লেখো।
- (ঘ) 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে কে পরিচিত? কোন পর্যায়ের পদ রচনায় তিনি সর্বাধিক সিদ্ধি অর্জন করেছিলেন?
- (ঙ) ফোর্ট উইলিয়াম কলেজ কবে স্থাপিত হয়? উইলিয়াম কেরি রচিত একটি গদ্যগ্রন্থের নাম লেখো।
- (চ) 'বেদান্ত গ্রন্থ'-র প্রকাশকাল-সহ লেখকের নাম লেখো।
- (ছ) বিধবাবিবাহ সম্পর্কিত বিদ্যাসাগর-রচিত মৌলিক প্রবন্ধগ্রন্থটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (জ) 'বন্দে-মাতরম্'— সংগীতটি কোন উপন্যাসের অন্তর্গত? উপন্যাসটির লেখক কে?
- (ঝ) শরৎচন্দ্র-রচিত প্রথম উপন্যাসটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ঞ) মধুসূদন-রচিত প্রহসন দুটির নাম লেখো।
- (ট) গিরিশচন্দ্র-রচিত দুটি পৌরাণিক নাটকের নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ঠ) 'নবান্ন' নাটকটি কার রচিত? কোন পত্রিকায় এটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?
- (ড) রবীন্দ্রনাথের 'তিনসঙ্গী'-র অন্তর্গত যেকোনো দুটি গল্পের নাম লেখো।
- (ঢ) বঙ্গভঙ্গ ও স্বদেশি আন্দোলনের প্রেক্ষাপটে বঙ্গনারীর উদ্দেশে রামেন্দ্রসুন্দর রচিত প্রবন্ধটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ণ) 'নীরা' কোন কবির মানসপ্রতিমা? 'নীরা'-কে নিয়ে লেখা তাঁর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

৫×৪=২০

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের সাহিত্যমূল্য বিচার করো।
- (খ) মুকুন্দ চক্রবর্তীর লেখা চণ্ডীমঙ্গল কাব্যটির নাম কী? কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো।
- (গ) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) প্রাবন্ধিক রূপে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (চ) আধুনিক কবিতা রচনায় জীবনানন্দ দাশের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

Please Turn Over

30096

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বাংলা সাহিত্যে 'অভিনব জয়দেব' কে? তাঁর কবিকৃতি আলোচনা করো।
- (খ) বাংলা গদ্য রচনায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
- (গ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের পরিচয় দাও।
- (ঘ) বাংলা ছোটগল্পকার রূপে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

1208

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-V

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) রামরাম বসুর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।
- (গ) প্রকাশকালসহ উইলিয়ম কেরির লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- (ঘ) গঙ্গাকিশোর ভট্টাচার্য কোন পত্রিকার সম্পাদনা করেছিলেন? এটি প্রথম প্রকাশিত হয় কোন সালে?
- (ঙ) 'দশমহাবিদ্যা' কে রচনা করেন? কত সালে এটি প্রকাশিত হয়?
- (চ) 'পারিবারিক প্রবন্ধ' কে লেখেন? গ্রন্থটির প্রকাশকাল লেখো।
- (ছ) 'বঙ্গনারী' নাটকটি কার লেখা? এটি কোন শ্রেণির নাটক?
- (জ) 'সিরাজদৌল্লা' নাটকটি কার লেখা? নাটকটির প্রকাশকাল লেখো।
- (ঝ) রবীন্দ্রনাথের লেখা দুটি কৌতুক নাটকের নাম লেখো।
- (ঞ) ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে চিন্তায় ও কর্মে জড়িত ছিলেন এমন দুজন নাট্যকারের নাম লেখো।
- (ট) 'কর্তার ইচ্ছায় কর্ম' কার লেখা? প্রকাশকাল লেখো।
- (ঠ) 'বৈকুণ্ঠের উইল' ও 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসদুটির রচনাকারের নাম লেখো।
- (ড) 'আমাদের শিক্ষা' ও 'শিক্ষা' প্রবন্ধ গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।
- (ঢ) 'নবপর্যায় বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদক কে ছিলেন? কত সালে এটি প্রকাশিত হয়?
- (ণ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'ত্রয়ী কাব্য' বলতে কোন কোন কাব্যকে বোঝায়? কাব্যটি রূপায়ণে রচয়িতার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (গ) বাংলা নাটকে ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) সামাজিক ও পারিবারিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো।
- (ঙ) রবীন্দ্রনাথের রূপক ও সাংকেতিক নাটকগুলি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) অন্তত পাঁচটি উপন্যাসের উল্লেখ করে তারাশঙ্করের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) মাইকেল মধুসূদন দত্তের কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করো।
 - (খ) দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যরচনাসমূহের পরিচয় দিয়ে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।
 - (গ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্ব আলোচনা করো।
 - (ঘ) ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভা ও শিল্পকুশলতার বিস্তৃত পরিচয় দাও।
-

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VI

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) স্বরলোপ কাকে বলে? অন্ত্যস্বরলোপের একটি দৃষ্টান্ত দাও।
- (খ) সহধ্বনি (allophone) কাকে বলে? উদাহরণ দাও।
- (গ) উদাহরণসহ যৌগিক স্বর বুঝিয়ে দাও।
- (ঘ) বাংলা স্বরধ্বনিতে নিম্নাবস্থিত স্বর কাকে বলে দৃষ্টান্ত সহযোগে লেখো।
- (ঙ) উচ্চারণ দ্রুতির ফলে যে প্রকার ধ্বনি পরিবর্তন হয় তা দৃষ্টান্ত দিয়ে বোঝাও।
- (চ) বাক্যশব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ছ) বাংলা ভাষার সাধুরীতি এবং চলিতরীতিতে সর্বনাম ব্যবহারের পার্থক্য উদাহরণসহ লেখো।
- (জ) আদর্শ কথ্যভাষা কখন শিষ্টজনসম্মত রূপ লাভ করে? বাংলা ভাষার আদর্শ কথ্য ভাষায় কোন উপভাষা-ছাঁদটি ব্যবহৃত হয়ে থাকে?
- (ঝ) মহোৎসব > মোচ্ছব- শব্দার্থ পরিবর্তনের কোন রীতি অনুসৃত হয়েছে বুঝিয়ে দাও।
- (ঞ) যমজ শব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ট) বাংলা ভাষার আদি-মধ্য যুগের কালসীমা নির্দেশ করো। ঐ সময়ের বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায়, এমন একটি গ্রন্থের নাম লেখো।
- (ঠ) সমাপিকা ক্রিয়া কাকে বলে? সমাপিকা ক্রিয়া কর্তার আগে ব্যবহৃত হয়েছে এমন একটি বাক্য লেখো।
- (ড) বঙ্গালী উপভাষায় [স]- ধ্বনির কী প্রকার উচ্চারণ হয়? ঐ উপভাষায় ও > উ-কার রূপান্তর ঘটেছে এমন একটি দৃষ্টান্ত দাও।
- (ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার সম্ভাব্য কালসীমা নির্দেশ করো।
- (ণ) বাংলা ভাষায় ব্যবহৃত হয় এমন চারটি প্রাদেশিক শব্দের দৃষ্টান্ত দাও (উৎস ভাষাসহ)।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা ভাষার সাধুরীতি ও চলিত রীতির মধ্যে যে কোনো পাঁচটি পার্থক্য লেখো।
- (খ) ঝাড়খণ্ডী উপভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণসহ লেখো।
- (গ) প্রাচীন বাংলার গুরুত্বপূর্ণ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (ঘ) শব্দার্থ পরিবর্তনের নিম্নলিখিত রূপ দুটি নিয়ে আলোচনা করো – অর্থসংক্রম, অর্থসংকোচ
- (ঙ) উচ্চারণ প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলি শ্রেণিবদ্ধ করো।
- (চ) স্বরাগম বলতে কী বোঝো? বাংলা শব্দের আদি, মধ্য ও অন্ত্য স্বরাগম বিষয়ে আলোচনা করো।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বাংলা ভাষার আদি-মধ্যযুগের ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণযোগে আলোচনা করো।
- (খ) বাংলা ভাষার শব্দভাণ্ডার সম্পর্কে আলোচনা করো।
- (গ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ লেখো।
- (ঘ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি সংক্ষেপে লেখো।

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

২×১০=২০

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) কার লেখা, কোন কাব্যের আদর্শে 'বীরঙ্গনা' কাব্যটির রচনা?
- (খ) "জনক জননী / ত্যজিলা শৈশবে মোরে না জানি, কি পাপে?"— বক্তা কে? তার 'জনক জননী' কে?
- (গ) "সুরবালা-মনঃ তুমি ভুলালে সহজে, / নররাজ!"—সুরবালা এবং নররাজ কে?
- (ঘ) "মহাযাত্রা করি / চলিল অভাগা জনা পুত্রের উদ্দেশে!"—কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঙ) "যদি আঞ্জা দেহ, এবে পরিচয় দিব / সংক্ষেপে।" — সংক্ষেপে বক্তার পরিচয় দাও।
- (চ) "কৌতুক বড় বাড়িতেছে মনে!" — কার, কেন কৌতুক হচ্ছে?
- (ছ) "কুলাচার্য্য তিনি কু-কুলের?" — কুলাচার্য্যটি কে? 'কু-কুল' বলতে কী বোঝানো হয়েছে?
- (জ) "দাঁড়াও হৃদয়েশ্বরী / ত্রিভুবন আলো করি, / দু'নয়ন ভরি ভরি দেখিব তোমায়!" — কথাগুলির প্রসঙ্গ বুঝিয়ে দাও।
- (ঝ) 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম কোন পত্রিকায় এবং কবে প্রকাশিত হয়?
- (ঞ) 'সারদামঙ্গল' কাব্যের আখ্যাপত্রে উল্লিখিত শ্লোকটির অর্থ লেখো।
- (ট) "সহসা ললাটভাগে, জ্যোতিষ্ময়ী কন্যা জাগে।" — 'জ্যোতিষ্ময়ী কন্যা'টি কে? কার ললাটে তার আবির্ভাব হয়েছে?
- (ঠ) "মহান উদার সৃষ্টি প্রকৃতি তোমার।"— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ড) "বিচিত্র গগন-ফুল-কল্পনা-লতার"—চরণাংশটি 'সারদামঙ্গল' কাব্যের কোন্ সর্গে আছে? কথাটি কোন্ প্রচলিত প্রবচনের কাব্যরূপ?
- (ঢ) "তোমা হারা হলে আমি প্রাণহারা হই।"— বক্তা কে? তিনি কেন এমন কথা বলেছেন?
- (ণ) "সে শোক সঙ্গীত কথা / শুনে কাঁদে তরু-লতা" — এখানে কোন শোক সংগীতের কথা বলা হয়েছে?

Please Turn Over

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫×৪=২০

- (ক) “কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে।” — বক্তা কে? পত্রটিতে বিবৃত তার প্রেমিকাসত্তার পরিচয় দাও।
- (খ) বীরাসনা নায়িকারা পৌরাণিক হলেও তারা সকলেই আধুনিক জীবনবোধে সম্পৃক্ত। — এই মন্তব্যের আলোকে সূৰ্পনখা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) উর্দুশীর পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? পত্রিকাটি অবলম্বনে উর্দুশী কোন কোন দিক দিয়ে বীরাসনা চরিত্র হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।
- (ঘ) ‘সারদামঙ্গল’ কাব্যে যে ত্রিবিধ বিরহের কথা আছে, সংক্ষেপে সেই ত্রিবিধ বিরহের পরিচয় দাও।
- (ঙ) ‘সারদামঙ্গল’ কাব্যের কোন সর্গে নন্দন কাননের বর্ণনা আছে? কাব্যে বর্ণিত নন্দন কাননের বর্ণনা তুলে ধরো।
- (চ) ‘সারদামঙ্গল’ কাব্যটির নামকরণে ‘মঙ্গল’ শব্দটি সংযুক্তির তাৎপর্য বুঝিয়ে দাও।

৩. নীচের প্রশ্ন দুটির উত্তর দাও।

১০×২=২০

- (ক) ‘বীরাসনা কাব্য’-র নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা,

‘সোমের প্রতি তারা’—পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? তারার প্রেমে রয়েছে প্রথানুগত্যের বিরুদ্ধে তীব্র বিদ্রোহ। — মন্তব্যটির আলোকে তারা চরিত্রটি বিশ্লেষণ করো।

- (খ) ‘বিহারীলাল যত বড় ভাবুক তত বড় কবি ছিলেন না।’— ‘সারদামঙ্গল’ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

অথবা,

‘সারদামঙ্গল’ কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে, তার স্বরূপ বিশ্লেষণ করো।

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XIII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) ভাস-পরবর্তী দুজন সংস্কৃত নাট্যকারের নাম লেখো।
- (খ) ভাস তাঁর 'স্বপ্নবাসবদন্তা' নাটকটি কার কোন গ্রন্থের কাহিনি অবলম্বনে রচনা করেন? এই নাটকে কতগুলি অঙ্ক আছে?
- (গ) সংস্কৃত সাহিত্যে গদ্য-কাব্য কয়ভাগে বিভক্ত? প্রতিটি ভাগের একটি করে দৃষ্টান্ত দাও।
- (ঘ) রামায়ণের কতগুলি টীকার উল্লেখ পাওয়া যায়? এর মধ্যে যে-কোনো দুটি টীকার নাম লেখো।
- (ঙ) 'মহাভারত'— এমন নামকরণ কেন হল?
- (চ) দৃশ্যকাব্য ও শব্দকাব্যের মধ্যে দৃষ্টান্তসহ পার্থক্য লেখো।
- (ছ) 'হর্ষচরিত' কোন শ্রেণির রচনা? রচনাটি কতগুলি অধ্যায়ে বিভক্ত?
- (জ) চসারের প্রথম মৌলিক রচনাটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- (ঝ) শেক্সপিয়রের সনেট সংকলন কে, কবে প্রথম প্রকাশ করেন?
- (ঞ) 'Paradise Regained'-এ মোট কতগুলি সর্গ (Book) আছে? মিলটন এটি কেন রচনা করেন?
- (ট) 'Epipsychidion' কার রচনা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।
- (ঠ) চার্লস ল্যান্ডের প্রথম প্রকাশিত উপন্যাসটির নাম কী? 'Last Essays of Elia' সংকলনটি কবে প্রকাশিত হয়?
- (ড) 'Pickwick Papers' কোন ঘটনার প্রেক্ষিতে ডিকেন্স রচনা করেন তা লেখো।
- (ঢ) টমাস হার্ডির লেখা দুটি ছোটগল্প সংকলনের নাম উল্লেখ করো।
- (ণ) টি. এস. এলিয়টের লেখা প্রথম কবিতা সংকলনটির নাম কী? সংকলনটি কবে প্রকাশিত হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) 'মুচ্ছকটিক' কত অঙ্কের নাটক? নাটকটির নামকরণ সম্পর্কে তোমার অভিমত দাও।
- (খ) যে-কোনো দুটি সংস্কৃত গীতিকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) ভাস-সমস্যা কী? বিষয়টি বুঝিয়ে লেখো।
- (ঘ) চসারের 'ক্যান্টারবেরি টেলস' গ্রন্থটির বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'Paradise Lost' মহাকাব্যটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) ওয়ার্ডসওয়ার্থের কাব্যে প্রকৃতির উপস্থাপনা কীভাবে ঘটেছে আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- (ক) ট্রাজেডি রচনায় শেক্সপিয়রের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

অথবা,

'জন কিটস মুখ্যত প্রেমের কবি' — মতটি বিশ্লেষণ করো।

- (খ) মহাভারতের প্রক্ষিপ্ত অংশ কোনগুলি? কেন সেগুলি প্রক্ষিপ্ত তার কারণ নির্দেশ করো।

অথবা,

কবি হিসেবে কালিদাসের দক্ষতার পরিমাপ করো।

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XIV

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রাপ্তমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'লিরিক্যাল ব্যালাডস'-এর সম্পাদক দুজনের পুরো নাম লেখো।
- (খ) সিন্ধলিজম বলতে কী বোঝো?
- (গ) ফার্স-এর দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ঘ) আত্মনিষ্ঠ প্রবন্ধ বলতে কী বোঝায়?
- (ঙ) বাংলা সাহিত্যের দুজন সুররিয়ালিস্ট কবির নাম লেখো।
- (চ) সিন্ধলিজম বা প্রতীকবাদের প্রথম প্রতিভূ কবি কাকে বলা হয়? বুদ্ধদেব বসু এই কবির কোন বই, কী নামে বাংলায় অনুবাদ করেন?
- (ছ) শেক্সপিয়রীয় সনেটের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (জ) রিয়ালিজমের বিশিষ্টতা আছে এমন দুটি বিদেশি উপন্যাস এবং তাদের লেখকদের নাম লেখো।
- (ঝ) দুটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো।
- (ঞ) মন্ময় কবিতা বলতে কী বোঝো?
- (ট) কোন দেবতার উদ্দেশে নিবেদিত উৎসবের সঙ্গে 'ট্রাজেডি' সংরূপটি জড়িত ছিল? ট্রাজেডি অভিনয়ের মাধ্যমে কীসের বিবরণ দেওয়ার রীতি ছিল?
- (ঠ) 'কমিক রিলিফ' বলতে কী বোঝো?
- (ড) অমিল প্রবহমান পয়ার বলতে কী বোঝায় — উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।
- (ঢ) Lyre ও Lyric-এর যোগসূত্রটি বুঝিয়ে দাও।
- (ণ) ছোটগল্প ও গীতিকবিতার মধ্যে কোনো সম্পর্ক আছে কি না বুঝিয়ে দাও।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ক্লাসিসিজম-এর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।
- (খ) কমেডি বলতে কী বোঝো? কমেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (গ) প্রহসন কাকে বলে? এই সূত্রে যে-কোনো একটি বাংলা প্রহসন অবলম্বনে প্রহসনের মূল বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।
- (ঘ) প্রাসঙ্গিক উদাহরণসহ এপিকের প্রধান লক্ষণগুলি নির্দেশ করো।
- (ঙ) নাট্যকাব্য ও কাব্যনাট্য — এই দুই সংরূপের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (চ) বাংলা নাটকের উদ্ভবের সংক্ষিপ্ত ইতিহাসটি লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) রোমান্সিজমের স্বরূপ আলোচনা করে কবিতার জগতে কীভাবে এই আলোড়ন ধরা পড়ল তার ইতিহাসটি লেখো।

অথবা,

রিয়ালিজম বলতে কী বোঝায়? এই প্রবণতার সময়কাল ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

- (খ) বাংলা ছোটগল্প সংরূপটি রবীন্দ্রনাথের রচনার ভিতর দিয়েই ক্রমশ তৈরি হয়ে উঠল। — এই অভিমতটি যথার্থ কি না আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা,

বাংলা ঐতিহাসিক উপন্যাসের স্বরূপ আলোচনা করো।

B.A. 6th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাধারণ)

Course: SEC-4

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

৫×২=১০

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (খ) উদাহরণ সহযোগে ফ্রোডপত্র কাকে বলে বুঝিয়ে দাও।
- (গ) রাজনৈতিক প্রতিবেদন কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ঘ) প্রতিবেদনের শিরোনাম কাকে বলে? প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?
- (ঙ) একটি আদর্শ প্রতিবেদনে কী কী গুণ থাকা একান্ত প্রয়োজন?
- (চ) অনুচ্ছেদ-এর দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ছ) অনুবাদ কাকে বলে? অনুবাদ কয়প্রকার ও কী কী?
- (জ) ভাবানুবাদ বলতে কী বোঝো?

২×৫=১০

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) তোমার এলাকায় রাস্তাঘাট ভেঙে গেছে। এর মেরামতির আবেদন জানিয়ে পঞ্চায়েত প্রধান/পুরপ্রধানকে একটি পত্র লেখো।
- (খ) মোবাইল ব্যবহারের কুফল ও তার প্রতিকারের কথা জানিয়ে উপযুক্ত শিরোনামসহ সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) তোমার মহাবিদ্যালয়ের গ্রন্থাগারে প্রয়োজনীয় বই কেনার আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।
- (ঘ) অনুচ্ছেদ রচনা করো : একটি গাছ একটি প্রাণ

২×১০=২০

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) সমগ্র দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার আবেদন জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।
- (খ) উপযুক্ত শিরোনামসহ একটি ভয়াবহ রেল-দুর্ঘটনা সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) অনুচ্ছেদ রচনা করো : শিক্ষাবিস্তারে গণমাধ্যমের ভূমিকা

Please Turn Over

27084

425

(ঘ) বাংলায় অনুবাদ করো :

Words have a lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm. Kind words do a lot of good. We can spoil a friend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word which costs nothing. A kind word is often more welcome than a costly present.

B.A. 6th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাধারণ)

Course: DSE-1B/2B

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।
(উনিশ শতকের বাংলা নাটক)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) হিন্দু থিয়েটার কে, কবে প্রতিষ্ঠা করেন?
- (খ) 'ভানুমতী চিত্তবিলাস' নাটকটির নাট্যকার কে? নাটকটি শেক্সপিয়রের কোন নাটকের ভাবানুবাদ?
- (গ) 'কুলীনকুলসর্বস্ব' নাটকটির নাট্যকার কে? নাটকটির প্রকাশকাল উল্লেখ করো।
- (ঘ) মধুসূদন দত্তের প্রথম নাটকের নাম ও তার প্রকাশকাল লেখো।
- (ঙ) মনোমোহন বসুর যে-কোনো দুটি নাটকের নাম লেখো।
- (চ) প্রকাশকালসহ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
- (ছ) 'জমীদার দর্পণ' নাটকটি কবে প্রকাশিত হয়? নাট্যকারের নাম লেখো।
- (জ) সাধারণ রঙ্গালয় কবে প্রতিষ্ঠিত হয়? এই রঙ্গালয়ে অভিনীত প্রথম নাটকটির নাম কী?
- (ঝ) 'কঙ্কি অবতার' প্রহসনটি কে রচনা করেন? এর প্রকাশকাল উল্লেখ করো।
- (ঞ) 'বিসর্জন' কার লেখা? এর প্রথম প্রকাশকাল উল্লেখ করো।
- (ট) 'প্রফুল্ল' কার লেখা? এই নাটকের একটি কেন্দ্রীয় চরিত্রের নাম লেখো।
- (ঠ) নাট্যানিয়ন্ত্রণ আইন কবে পাস হয়?
- (ড) বেলগাছিয়া নাট্যশালা কর্তৃপক্ষ মধুসূদন দত্তকে কার কোন নাটকের ইংরেজি অনুবাদের দায়িত্ব দিয়েছিলেন?
- (ঢ) প্রকাশকালসহ কালীপ্রসন্ন সিংহের একটি মৌলিক নাটকের নাম লেখো।
- (ণ) উনিশ শতকের দুটি 'দর্পণ' নাটকের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে 'কীর্তিবিলাস' ও 'ভদ্রার্জুন' নাটকদুটির গুরুত্ব আলোচনা করো।
- (খ) বাংলা প্রহসনে মধুসূদন দত্তের বিশেষ কৃতিত্ব আলোচনা করো।
- (গ) বাংলা নাটকের আদি-পর্বে নাট্য রচনায় মধুসূদন দত্তের আবির্ভাবের পূর্বে সমাজ-সমস্যামূলক নাটক রচনার সংক্ষিপ্ত ইতিহাসটি লেখো।

- (ঘ) বাংলা প্রহসনে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে নিজের ভাষায় আলোচনা করো।
 (ঙ) বাংলা নাট্যসাহিত্যে উপেন্দ্রনাথ দাসের অবদান আলোচনা করো।
 (চ) বাংলা নাটকে রাজকৃষ্ণ রায়ের অবদান নিজের ভাষায় আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভা সংক্ষেপে নিজের ভাষায় আলোচনা করো।
 (খ) পৌরাণিক ও ভক্তিমূলক নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।
 (গ) “অমৃতলালের প্রতিভার বৈশিষ্ট্য হাস্যরসের অবতারণায়, গভীর বিষয়ের বর্ণনায় নহে।”— এই মন্তব্যের আলোকে অমৃতলাল বসুর নাট্যপ্রতিভার স্বরূপ উন্মোচন করো।
 (ঘ) উনিশ শতকে লেখা নাটকগুলির উপর ভিত্তি করে রবীন্দ্রনাথ ঠাকুরের নাট্যপ্রতিভা আলোচনা করো।

অথবা,

(উনিশ শতকের বাংলা প্রবন্ধ)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের লেখা একটি প্রবন্ধগ্রন্থের প্রকাশকালসহ নাম লেখো।
 (খ) ‘পাষণ্ডপীড়ন’ গ্রন্থটি কে লেখেন? এর প্রকাশকাল লেখো।
 (গ) ‘স্বীশিক্ষা বিধায়ক’ গ্রন্থটির লেখকের নাম ও প্রকাশকাল লেখো।
 (ঘ) ‘বেদান্তচন্দ্রিকা’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কার গ্রন্থের নিন্দা করে লেখা?
 (ঙ) রামমোহন রায় ‘পথ্যপ্রদান’ গ্রন্থটি কার, কোন গ্রন্থের প্রত্যুত্তরে লিখেছিলেন?
 (চ) প্রকাশকালসহ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ছ) অক্ষয়কুমার দত্ত সম্পাদিত বিখ্যাত পত্রিকাটির নাম লেখো। পত্রিকাটি কোন সংগঠনের মুখপত্র ছিল?
 (জ) বিধবা বিবাহ বিষয়ে বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।
 (ঝ) ‘ব্রজবিলাস’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কী বিষয়ে লেখা হয়েছিল?
 (ঞ) সত্যেন্দ্রনাথ ঠাকুরের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ট) বঙ্কিমচন্দ্রের ‘কমলাকান্ত’ গ্রন্থের কয়টি অংশ ও কী কী?
 (ঠ) বাংলার কৃষকদের নিয়ে লেখা বঙ্কিমচন্দ্রের প্রবন্ধটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
 (ড) প্রকাশকালসহ বিবেকানন্দের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ঢ) ‘য়ুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটির প্রকাশকাল লেখো।
 (ণ) হরপ্রসাদ শাস্ত্রীর একটি প্রবন্ধের নাম লেখো। প্রবন্ধটি কবে প্রকাশিত হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) বাংলা প্রবন্ধ-সাহিত্যে রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের অবদান আলোচনা করো।
- (খ) প্রাবন্ধিক দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করো।
- (গ) রাজনারায়ণ বসুর প্রবন্ধের পরিচয় দাও।
- (ঘ) বিজ্ঞানধর্মী প্রবন্ধ রচনায় বঙ্কিমচন্দ্রের দক্ষতার পরিচয় দাও।
- (ঙ) বিদ্যাসাগরের ব্যঙ্গরচনাগুলির পরিচয় দাও।
- (চ) প্যারীচাঁদ মিত্রের প্রবন্ধের মূল্যায়ন করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) বাংলা প্রবন্ধ-সাহিত্যের বিকাশে রামমোহন রায়ের অবদান আলোচনা করো।
- (খ) উনিশ শতকের বিশিষ্ট প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের প্রবন্ধ-সাহিত্যের মূল্যায়ন করো।
- (গ) উনিশ শতকে সমাজ-সমস্যা বিষয়ক প্রবন্ধের ধারা সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।
- (ঘ) বাংলা প্রবন্ধ-সাহিত্যে ভূদেব মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) উদাহরণসহ উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (খ) 'সরীসৃপ', 'মেঘমল্লার' — এই দুটি ছোটগল্পের রচয়িতা কে কে?
- (গ) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? উদাহরণ দাও।
- (ঘ) 'মন্দির' গল্পটি কার লেখা? গল্পটি কোন পুরস্কার লাভ করেছিল?
- (ঙ) 'শেষ প্রশ্ন' ও 'শেষের কবিতা' কোন কোন উপন্যাসিকের লেখা?
- (চ) 'পথের দাবী' কী জাতীয় রচনা? এই জাতীয় আর-একটি উপন্যাসের নাম লেখো।
- (ছ) স্বাধীনতার পূর্বকালে প্রকাশিত বনফুলের দুটি উপন্যাসের নাম লেখো।
- (জ) রচনাকারের নাম লেখো — 'প্রিয় বান্ধবী', 'কয়লা কুঠির দেশ', 'রমাসুন্দরী', 'চারইয়ারি কথা'।
- (ঝ) প্রকাশ-কালসহ স্বাধীনতার পূর্বকালে প্রকাশিত দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।
- (ঞ) সূত্রাকারে ঐতিহাসিক উপন্যাস-এর চারটি বৈশিষ্ট্য লেখো।
- (ট) চরিত্রগুলি কোন রচনার তা নির্দেশ করো — সত্যচরণ, বনওয়ারী, দয়াময়ী, সাবিত্রী।
- (ঠ) স্বাধীনতা আন্দোলন-আশ্রয়ী দুটি গল্পের ও দুটি উপন্যাসের নাম লেখো।
- (ড) উদাহরণসহ আত্মজীবনীমূলক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ঢ) অতিপ্রাকৃত গল্প বলতে কী বোঝো? উদাহরণ দাও।
- (ণ) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের একটি উপন্যাস এবং জগদীশ গুপ্তের একটি গল্পগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'পথের পাঁচালী' উপন্যাসটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত গল্পগুলি অবলম্বনে ছোটোগল্পকার হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।
- (গ) স্বাধীনতা-পূর্ববর্তী সময়পর্বে রচিত গল্পগুলি অবলম্বনে হাস্যরসের শিল্পী হিসেবে পরশুরামের দক্ষতার পরিচয় দাও।
- (ঘ) স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক জগদীশ গুপ্তর পরিচয় দাও।
- (ঙ) স্বাধীনতা-পূর্ববর্তী বিশ শতকের কালপর্বে রচিত বাংলা চেতনাপ্রবাহমূলক উপন্যাসগুলির পরিচয় দাও।
- (চ) নারীচরিত্র সৃজনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখনীর দক্ষতা প্রশ্নাতীত। — আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বাংলা কথাসাহিত্যের বিকাশে বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালের সাময়িক পত্রিকাগুলির ভূমিকা তুলে ধরো।
- (খ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত তারাকঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্পগুলিতে রাঢ় বাংলার আঞ্চলিক জীবনচর্যার যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দাও।
- (গ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে বাংলা উপন্যাসের ক্রমবিকাশের ধারা সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) বিশ শতকে রচিত রবীন্দ্রনাথের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-4

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও :

২×১০=২০

- (ক) লোকসাহিত্যের সংজ্ঞা দাও।
- (খ) বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতির দুটি উদাহরণ দাও।
- (গ) দুটি লোক-বিশ্বাসের উদাহরণ দাও।
- (ঘ) গ্রাম্য ছড়া কোন জাতীয় লোকসাহিত্য?
- (ঙ) ভাদুগান পশ্চিমবঙ্গের কোন কোন অঞ্চলে প্রচলিত লোকসংগীত?
- (চ) টুসুগান কী? এটি বাংলার কোন ঋতুতে গাওয়া হয়?
- (ছ) মন্ত্র বলতে কী বোঝো?
- (জ) ছৌ-নৃত্য কী? এটি কোন অঞ্চলের লোকসংস্কৃতি?
- (ঝ) দুটি গ্রাম্য ঝাঁধার উদাহরণ দাও।
- (ঞ) দুজন প্রখ্যাত বাঙালি লোকসাহিত্য-গবেষকের নাম উল্লেখ করো।
- (ট) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা লোকসাহিত্য বিষয়ক একটি প্রবন্ধের নাম উল্লেখ করো।
- (ঠ) আলকাপ কী, কোন অঞ্চলে প্রচলিত?
- (ড) বাংলা প্রবাদ-বিষয়ক একটি গ্রন্থের নাম ও সেই গ্রন্থের লেখকের নাম উল্লেখ করো।
- (ঢ) বালিকা ও কিশোরীদের দ্বারা পালিত দুটি ব্রতের নাম উল্লেখ করো।
- (ণ) 'বাংলার ব্রত' গ্রন্থটি কার লেখা?

27082

Please Turn Over

306

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা লোকসংগীতের বিবর্তন সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।
- (খ) একটি লোকনাট্যের উদাহরণ দিয়ে সেটির সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) লোকসাহিত্যের ধারা হিসেবে বাংলা প্রবাদের গুরুত্ব লেখো।
- (ঘ) বাংলার কয়েকটি ধাঁধার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) লোকবিশ্বাস কীভাবে সাহিত্যের উপাদান হয়ে উঠতে পারে তোমার পড়া দু-একটি গল্প/উপন্যাস থেকে উদাহরণ দিয়ে তা বুঝিয়ে দাও।
- (চ) লোকসংস্কৃতির উপাদান হিসেবে লোকসংগীতের গুরুত্ব লেখো।

৩। যে-কোনো দুটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :

১০×২=২০

- (ক) মধ্যযুগের বাংলা চৈতন্যচরিত সাহিত্যধারার গুরুত্ব।
- (খ) ময়মনসিংহগীতিকা : ধর্মনিরপেক্ষ সাহিত্যগুণের সন্ধান।
- (গ) উনিশ শতকের বাংলা সংবাদ ও সাময়িকপত্রে বাঙালি জীবন।
- (ঘ) রবীন্দ্র-উপন্যাসে নারী মনস্তত্ত্ব।